



# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০  
বাংলাদেশ  
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৯

১৩ সেপ্টেম্বর ২০২৩  
তারিখ: -----  
২৯ ভাদ্র ১৪৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

## রপ্তানি সহায়ক প্রাক-অর্থায়ন তহবিল (EFPP) এর আওতায় গৃহীত অর্থ সমন্বয় প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে রপ্তানি সহায়ক প্রাক-অর্থায়ন তহবিল (EFPP) এর নীতিমালা সম্পর্কিত বিআরপিডি সার্কুলার নং-০১ তারিখ: ০১ জানুয়ারি ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-১২ এ “গ্রাহক পর্যায়ে ঋণের মেয়াদ যাই হোক না কেন বাংলাদেশ ব্যাংক কর্তৃক সর্বোচ্চ ১৮০দিন (ছয় মাস) মেয়াদে অংশগ্রহণকারী ব্যাংককে প্রাক-অর্থায়ন সুবিধা প্রদান করা হবে, যা মেয়াদ শেষে সুদসহ এককালীন পরিশোধ করতে হবে” মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়াও উক্ত সার্কুলারের অনুচ্ছেদ নং-১৪(ক) এ উল্লেখ করা হয়েছে, “প্রাক-অর্থায়ন বাবদ ব্যাংক কর্তৃক গৃহীত ঋণ বাংলাদেশ ব্যাংককে রক্ষিত অংশগ্রহণকারী ব্যাংকের চলতি হিসাবে প্রদানের তারিখ হতে প্রাক-অর্থায়নের জন্য প্রদত্ত মেয়াদ সমাপনান্তে সুদসহ উক্ত হিসাব হতে এককালীন কর্তন করা হবে”।
- এক্ষেণে, EFPP এর আওতায় প্রাক-অর্থায়ন বাবদ ব্যাংক কর্তৃক গৃহীত অর্থের বিপরীতে সুদ ব্যয় (Interest expense) হ্রাসকল্পে এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, ব্যাংক কর্তৃক গৃহীত অর্থ মেয়াদপূর্তির পূর্বে সম্পূর্ণ বা আংশিক পরিশোধ/সমন্বয় করা যাবে। আংশিক সমন্বয়ের ক্ষেত্রে অবশিষ্ট অপরিশোধিত অংশ নির্ধারিত মেয়াদান্তে এককালীন সুদ/মুনাফাসহ পরিশোধযোগ্য হবে।
- এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০১/২০২৩ এর অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
- ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হল।
- এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ শাহরিয়ার সিদ্দিকী)  
পরিচালক (বিআরপিডি)  
ফোনঃ ৯৫৩০২৫২